



জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক  
বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক



সংশোধিত

০৪ মার্চ ২০২১

## জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রতিযোগিতা

আগামী ১৭ মার্চ ২০২১ রোজ বুধবার সন্ধ্যা ০৬:০০ ঘটিকায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের “জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১” উদযাপন উপলক্ষ্যে নিউইয়র্কস্থ জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন এবং বাংলাদেশ কনস্যুলেট জেনারেল-এর যৌথ উদ্যোগে এক ভার্চুয়াল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানের অংশ হিসেবে নিউইয়র্কে বসবাসরত প্রবাসী বাংলাদেশী শিশুদের জন্য নিম্নলিখিত প্রতিযোগিতার আয়োজন করা হয়েছেঃ

প্রতিযোগিতার নাম	গ্রুপ-ক (বয়সঃ ৫ হতে ৯)	গ্রুপ-খ (বয়সঃ ৯+ হতে ১৪)	পত্র ও ভিডিও জমাদানের শেষ সময়সীমা
নিজের অনুভূতি ব্যক্ত করে “বঙ্গবন্ধুর উদ্দেশ্যে পত্রলিখন” প্রতিযোগিতা	সর্বোচ্চ ১৫০ শব্দ (বাংলা অথবা ইংরেজি ভাষা)	সর্বোচ্চ ২০০ শব্দ (বাংলা অথবা ইংরেজি ভাষা)	১৪ মার্চ ২০২১
বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ওপর প্রতিযোগিতা	২ মিনিট (পূর্বধারণকৃত ভিডিও আকারে)	৩ মিনিট (পূর্বধারণকৃত ভিডিও আকারে)	

২। প্রতিযোগিতার অন্যান্য নিয়মাবলীঃ

- বঙ্গবন্ধুকে উদ্দেশ্য করে লেখা পত্রটি নিজ হাতে হতে হবে।
- বিজয়ী পত্রসমূহ সংশ্লিষ্ট অংশগ্রহণকারী ভার্চুয়াল অনুষ্ঠানে সরাসরি পাঠ করবেন এবং বিজয়ী ভাষণসমূহ ভার্চুয়াল অনুষ্ঠানে সরাসরি প্রদর্শন করা হবে।
- প্রত্যেক গ্রুপের বিজয়ীদেরকে পুরস্কার ও সার্টিফিকেট বিতরণ করা হবে। পুরস্কার ও সার্টিফিকেট অনুষ্ঠান পরবর্তী সময়ে ডাকযোগে বিজয়ীদের নির্ধারিত ঠিকানায় পৌঁছে দেয়া হবে।
- প্রতিযোগীদের মূল্যায়নে মিশন কর্তৃক মনোনীত বিচারকের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। উপরোক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিশুদের নাম, বয়স, পাসপোর্ট সাইজ ইলেক্ট্রনিক ছবি, পিতা-মাতার নাম, ফোন নম্বর, ঠিকানা, গ্রুপ, বঙ্গবন্ধুর উদ্দেশ্যে লিখিত পত্র ও বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ ই মার্চের ভাষণের পূর্বধারণকৃত ভিডিও আগামী ১৪ মার্চ ২০২১ তারিখের মধ্যে ই-মেইল যোগে ([rsvpbdpmny@gmail.com](mailto:rsvpbdpmny@gmail.com)) প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

৪। এ সংক্রান্ত যেকোন তথ্যের প্রয়োজনে (212)-867-3434 অথবা (212) 599-6767-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, নিউইয়র্ক

জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশন, নিউইয়র্ক